বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

২০
তারিখ 2 MAY 1989
পৃষ্ঠা ১ কলাম ৭

# মেডিকেল ছাত্র-ছাত্রীরা পরীক্ষা বর্জনের সিদ্ধান্ত নিয়েছে

।। স্টাফ রিপোর্টার ।।

দেশের চারটি মেডিকেল কলেজের পঞ্চম বর্ষের ছাত্র-ছাত্রীরা আগামী ১৬ই মে থেকে অনুষ্ঠেয় পেশাগত এমবিবিএস চূড়ান্ত পরীক্ষা বর্জনের সিদ্ধান্ত ঘোষণা করেছে।

ঢাকা মেডিকেল কলেজ, সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ময়মনসিংহ মেডিকেল কলেজ ও বরিশাল মেডিকেল কলেজের ছাত্র-ছাত্রীদের পক্ষে গতকাল বৃহস্পতিবার জাতীয় প্রেস ক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এ সিদ্ধান্ত জানান হয়। সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখেন ছাত্র-ছাত্রীদের পক্ষে মোহাম্মদ সাকেল, ইমতিয়াজ আহমেদ ও

শেষ পৃষ্ঠায় ৪র্থ কলামে

## মেডিকেল ছাত্র-ছাত্রীরা

প্রথম পৃষ্ঠার পর

সামেকসু ভিপি মহিবুর রহমান বুলবুল। উপস্থিত ছিলেন ঢামেকসু ভিপি লিয়াকত হোসেন, মামেকসু জিএস ওবায়দুল কাদের বাদল ও বরিশাল মেডিকেল কলেজের প্রতিনিধি জিল্লুর রহমান ফেরদৌস।

উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ এ চারটি মেডিকেল কলেজের শেষ বর্ষের ছাত্র-ছাত্রীরা কিছুদিন যাবৎ তাদের আগামী ১৬ই মে অনুষ্ঠেয় ফাইনাল পরীক্ষার তারিখ পিছিয়ে সেপ্টেম্বরে করার দাবী জানিয়ে আসছে।

গতকালের সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্যে বলা হয়, গত ২৬শে এপ্রিল দাবী নিয়ে যখন তারা ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসনিক ভবনে আয়োজিত মেডিসিন ফ্যাকাল্টির সভায় যায়, তখন আলাপ-আলোচনার এক পর্যায়ে প্রায় ১৭ ঘন্টা সেখানে অবস্থানরত ছাত্র-ছাত্রীদের ওপর ভোর ৫টায় দু'ব্যাটিলিয়ন দাঙ্গা পুলিশ হামলা চালায়। এ হামলায় ১৩ জন ছাত্র ও ৬ জন ছাত্রী আহত হয়। এ হামলার প্রতিবাদে চারটি মেডিকেল কলেজে আহূত ধর্মঘট সফল হয়। কিন্তু ঢাকা মেডিকেল কলেজের অধ্যক্ষ এবং ময়মনসিংহ মেডিকেল কলেজ ও সলিমুল্লাহ মেডিকেল কলেজ কর্তৃপক্ষ পুলিশের সহায়তায় আন্দোলন বানচালের চেষ্টা চালায়। এ প্রেক্ষিতে চারটি মেডিকেল কলেজের ছাত্র-ছাত্রীরা কলেজ অধ্যক্ষের পদত্যাগের দাবীতে বিভিন্ন কর্মসূচী পালন করছে। এ কর্মসূচীর অংশ হিসেবে ঢাকা মেডিকেল কলেজে অনুষ্ঠিত চারটি মেডিকেল কলেজের প্রতিনিধিদের সাধারণ সভায় আসন্ন ফাইনাল পরীক্ষা বর্জনের সিদ্ধান্ত গৃহীত হয়।